

# ব্র্যাক ব্যাংক নিয়ে জিএবিভির গবেষণা এসএমই ঝণ ব্যবসাকে গতিশীল করে

এসএমই ঝণ ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসাকে আরো গতিশীল করে। তাদের সামাজিক-অর্থনৈতিক জীবনমান উন্নত করে পরিবেশসচেতনতায়ও প্রভাব রাখে। ব্র্যাক ব্যাংকের কার্যক্রম নিয়ে গবেষণা চালিয়ে এ তথ্য জানিয়েছে নেদারল্যান্ডসভিত্তিক সংস্থা ফ্লোবাল অ্যালায়েন্স ফর ব্যাংকিং অন ভ্যালুজ (জিএবিভি)।

গবেষণা প্রতিবেদনে বলা হয়, ব্র্যাক ব্যাংক লিমিটেডের ঝণ কার্যক্রম এসএমই গ্রাহকদের ব্যবসায়িক, পরিবেশসচেতনতা ও সামাজিক ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন এনেছে। একাধিকবার ঝণ নেয়া গ্রাহকদের লাভের হার ও রিটার্ন অন্যাসেট বেড়েছে।

ব্র্যাক ব্যাংক থেকে ঝণ নেয়ার পর উদ্যোক্তাদের আয় ও সঞ্চয় বেড়েছে। ব্যাংকটি ব্যবসায়ীদের মুনাফা পুনর্বিনিয়োগের মাধ্যমে ব্যবসা সম্প্রসারণে উৎসাহিত করেছে।-এ গবেষণায় সহায়তা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর কর্পোরেট গভর্ন্যান্স অ্যান্ড ফিন্যান্স স্টাডিস।

এশিয়া, লাতিন আমেরিকা, উত্তর আমেরিকা ও ইউরোপের ২২টি ব্যাংক জিএবিভির সদস্য। সম্প্রতি বার্লিনে অনুষ্ঠিত জিএবিভির সম্মেলনে এ সমীক্ষা উপস্থাপন করা হয়।

এ স্বীকৃতির ব্যাপারে ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ মাহবুবুর রহমান বলেন, মানুষ, পৃথিবী ও মুনাফা— এ দর্শনের আলোকে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার সুবিধার বাইরে থাকা ত্বরণমূলপর্যায়ের ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সেবা প্রদানের মাধ্যমে দেশের অর্থনীতির মূল স্রোতে নিয়ে আসর জন্য কাজ করছে ব্র্যাক ব্যাংক।

তিনি আরো বলেন, গবেষণার মাধ্যমে ব্যবসায় এসএমই ঝণের ইতিবাচক প্রভাব প্রমাণ হয়েছে। এতে ব্যাংকগুলো এসএমই ঝণ কার্যক্রম সম্প্রসারণ করতে এবং ক্ষুদ্র উদ্যোক্তারা আরো ঝণ সুবিধা গ্রহণে উৎসাহিত হবে। জিএবিভির সহায়তায় ব্র্যাক ব্যাংকের এসএমই ফিন্যান্সিং মডেল বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ছে এবং সমাদৃত হচ্ছে। বিজ্ঞপ্তি